



ALL INDIA RADIO

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

18 February 2026

7:35 AM IST

আসাম ২০২৮ সালের মধ্যে ১০ লক্ষ কোটি টাকার অর্থনীতি হিসেবে পরিগণিত হবে বলে অর্থমন্ত্রী অজন্তা নেওগ উল্লেখ করেন। আসন্ন বিধানসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে পূর্ণাঙ্গ বাজেটের পরিবর্তে অর্থমন্ত্রী অজন্তা নেওগ গতকাল বিধানসভায় অন্তর্বর্তী বাজেট পেশ করে শ্রীমতি নেওগ একথা জানিয়েছেন। পূর্ণাঙ্গ বাজেট উত্থাপন না করা পর্যন্ত সরকারের কাজকর্ম চালানোর জন্য এই বাজেট দাখিল করা হয়েছে বলে অর্থমন্ত্রী জানিয়েছেন। বাজেটে রাজ্যের মোট ঘরোয়া উৎপাদন সাড়ে ৮ লক্ষ কোটি টাকারও অধিক হবে বলে অর্থমন্ত্রী জানিয়েছেন। গত পাঁচ বছরে রাজ্য সরকারের বিচক্ষণ আর্থিক ব্যবস্থাপনার জন্য অর্থনৈতিক ক্ষেত্রে আসাম সুস্থির হয়েছে এবং রাজ্যের মাথাপিছু আয় বৃদ্ধি পেয়েছে বলেও তিনি উল্লেখ করেন। এই অন্তর্বর্তী বাজেটে মূখ্যমন্ত্রীর আত্মনির্ভর আসাম অভিযানের অধীনে ৫ লক্ষ যুবক যুবতীকে অন্তর্ভুক্ত করার লক্ষ্য স্থির করা হয়েছে। আসাম দর্শন প্রকল্পের অধীনে ৫৪ হাজার ৭২৫ টি ধর্মীয় স্থানের উন্নীতকরণের জন্য এক হাজার ১৩২ কোটি ৯৩ লক্ষ টাকা মঞ্জুর করার কথাও

উল্লেখ করা হয়েছে । এই লেখানুদানে বৃদ্ধ পেনশনের প্রকল্পের অনুদান ২৫০ টাকা থেকে ৪০০ টাকা পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে । একইভাবে বিধবা পেনশন প্রকল্পের অনুদান ৩০০ টাকা থেকে এক হাজার ২৫০ টাকা পর্যন্ত বৃদ্ধি করার প্রস্তাব দেওয়া হয়েছে ।

আজ প্রশ্নোত্তর পর্বের মাধ্যমে অধিবেশনের কাজকর্ম আরম্ভ হয় । সভায় আজ উপদেষ্টা সমিতির প্রতিবেদন দাখিল করা হয় ।

সেইসঙ্গে রাজ্যপালের ভাষণের ওপর ধন্যবাদ প্রস্তাব সম্পর্কেও আলোচনা অনুষ্ঠিত হয়েছে । এই আলোচনায় শাসক বিরোধী উভয় পক্ষের বিধায়করা অংশগ্রহণ করেন ।

রাজ্য সরকার ভাষা সংস্কৃতি সংরক্ষণের জন্যে গ্রহণ করা শক্তিশালী পদক্ষেপের অংশ হিসেবে ডিমাসা ভাষাকে নবম ও দশম শ্রেণীতে ঐচ্ছিক বিষয় হিসেবে প্রবর্তন করার সিদ্ধান্ত নিয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তু বিশ্ব শর্মা এই বিষয়ে জানান যে- ডিমাসা ভাষার স্বকীয়তার উপর গুরুত্ব আরোপ করে মাধ্যমিক পর্যায়ে এই ভাষাকে শিক্ষার মাধ্যম হিসেবে প্রবর্তনের ব্যবস্থা করা হয়েছে । ২০২৬-২৭ শিক্ষাবর্ষ থেকে নবম শ্রেণীতে এবং ২০২৭-২৮ শিক্ষাবর্ষ থেকে দশম শ্রেণীতে এই ভাষাটিকে ঐচ্ছিক ভাষা হিসেবে প্রবর্তন করা হবে । আধুনিক ভারতীয় ভাষার বিকল্প হিসেবে এই ভাষাটির শিক্ষাদান করা হবে ।

রাজ্য সরকারের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পদে চা জনজাতি ও আদিবাসী সম্প্রদায়ের জন্যে তিন শতাংশ পদ সংরক্ষণে আসাম মন্ত্রিসভা অনুমোদন জানিয়েছে । মন্ত্রিসভায় শিক্ষকদের জন্যে অর্জিত ছুটির পরিমাণ ১০ দিন

থেকে বাড়িয়ে ১৫ দিন করার বিষয়ে অনুমোদন জানানো হয় । মন্ত্রীসভায় মিশন বসুন্ধরা দ্বিতীয় পর্যায়ের অধীনে ১০ টি জেলার ৩১৯ টি ভূমিহীন পরিবারকে গৃহ নির্মাণের জন্য সরকারী খাস ও সিলিং জমি প্রদানেও অনুমোদন জানানো হয়েছে । এছাড়াও মন্ত্রীসভায় আরো বেশ কিছু প্রকল্পে অনুমোদন জানানো হয়েছে । বৈঠকের পর মুখ্যমন্ত্রী সাংবাদিকদের জানান

---- বাইট-----

ভারতীয় জনতা পার্টির জাতীয় সভাপতি নীতিন নবীন আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি পর্ব খতিয়ে দেখতে এবং দলীয় রণ কৌশল নিয়ে আলোচনার উদ্দেশ্যে দু দিনের সফর সূচী নিয়ে আজ আসামে আসছেন । দলের মুখপাত্র কল্যান গগৈ জানিয়েছেন যে জাতীয় সভাপতি শ্রীনবীন আজ ডিব্রুগড়ের মোহনবাড়ী বিমান বন্দরে পৌঁছে প্রথমে চারি আলী যাবেন এবং পরে মানকাটা খেলার মাঠে আয়োজিত পৃষ্ঠ প্রমুখদের সম্মেলনে বক্তব্য রাখবেন । এরপর জাতীয় সভাপতি ডিব্রুগড়ে প্রবীন নাগরিকদের সঙ্গে মত বিনিময় করবেন । সন্ধ্যায় দলের প্রভারী, সহ-প্রভারী এবং কর্মীদের সঙ্গে সাংগঠনিক বিষয় নিয়ে আলোচনা করবেন ।

বরাক উপত্যকার মাইমাল সমাজের পক্ষ থেকে পাঁচ দফা দাবীর সর্মথনে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা কাছে একটি স্মারক পত্র প্রদান করা হয়েছে । গতকাল গুয়াহাটীতে বিধানসভা প্রাঙ্গনে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মার হাতে প্রদান করা স্মারক পত্রে আসন্ন বিধানসভা নির্বাচনে মাইমাল সমাজ থেকে প্রার্থী প্রদান ও মাইমাল সামাজ্যের বিভিন্ন সমস্যা সমাধানের দাবী জানানো হয়েছে ।

শিলচর রাধামাধব কলেজের পক্ষ থেকে গতকাল কলেজের সম্মেলন কক্ষে সদ্য প্রয়াত অর্থনীতি বিভাগের প্রাক্তন অধ্যাপক তথা বিভাগীয় প্রধান অধ্যাপক রমেন্দ্র নারায়ন দে-র স্মরণে এক শোকসভা অনুষ্ঠিত হয়েছে। কলেজের উপাধ্যক্ষ ডক্টর রাহুল চক্রবর্তীর পৌরহিত্যে আয়োজিত সভায় প্রথমে প্রয়াত দে-র প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। পরে প্রাক্তন অধ্যক্ষ ডক্টর অসীমা রায়, প্রাক্তন অধ্যক্ষ ডক্টর দেবাশিস রায়, ইংরেজী বিভাগের প্রাক্তন বিভাগীয় প্রধান ডক্টর কংকনা নাথ প্রমুখ প্রাসঙ্গিক বক্তব্য রাখেন।

উল্লেখ্য অধ্যাপক দে গত ১৪ই ফেব্রুয়ারী নতুন দিল্লীতে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

শিলচর পূর্ত বিভাগের কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে তারাপুর নরমাল স্কুল পয়েন্ট থেকে চিরুকান্দি রোড ভায়া শিশু মন্দির সড়কে দুটি কালভার্ট নির্মানের জন্য গতকাল থেকে আগামী ১৭ই মার্চ পর্যন্ত এই সড়ক দিয়ে সব ধরনের যান চলাচল বন্ধ থাকবে। বিজ্ঞপ্তিতে এই সড়ক ব্যবহারকারীদের বিকল্প সড়ক ব্যবহার করার অনুরোধ করা হয়েছে।
